যুগান্তর

তারিখ ... 13 MAY 2009 ...
পৃষ্ঠা ... কলাম ...

# দেশে আরও ছয়টি সরকারি ও বেসরকারি বিশ্ববিদ্যালয় হচ্ছে

যুগান্তর ডেস্ক

বিশ্ববিদ্যালয়গুলোতে শিক্ষার্থীদের চাপ প্রচণ্ডভাবে বৃদ্ধি পাওয়ায় সরকার দেশে আরও ৬টি সরকারি ও বেসরকারি বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার পরিকল্পনা করেছে। ইউএনবি।

বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের চেয়ারম্যান অধ্যাপক নজরুল ইসলাম জানান, বিশ্ববিদ্যালয়গুলোর সরকারি অনুমোদনের প্রক্রিয়া এখন চূড়ান্তপ্রায়। এর মধ্যে সরকারি ৩টি বিশ্ববিদ্যালয় হচ্ছে— পার্বত্য জেলা রাঙ্গামাটিতে রাঙ্গামাটি বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, গোপালগঞ্জে বঙ্গবন্ধু শেখ মুজিব বিশ্ববিদ্যালয় এবং অপরটি নির্মাণ করা হবে বরিশালে, সেটির নাম এখনও ঠিক করা হয়নি এবং বেসরকারি বিশ্ববিদ্যালয়গুলো হচ্ছে— এশিয়ান বিশ্ববিদ্যালয়, বিজিএমইএ ফ্যাশন ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় এবং ঢাকা প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।